6962 - যিনি মৃতব্যক্তিকে গোসল দিয়েছেন তিনি গোসল করবেন

প্রশ্ন

যিনি মৃতব্যক্তিকে গোসল দিয়েছেন জানাযার নামায পড়ার আগে তার পোশাক পরিবর্তন করা কিংবা গোসল করা কি আবশ্যকীয়?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলেমদের সঠিক মতানুযায়ী মৃতব্যক্তিকে গোসলদানকারীর জন্য গোসল করা মুস্তাহাব; ওয়াজিব নয়।

এটি ইবনে আব্বাস (রাঃ), ইবনে উমর (রাঃ), আয়েশা (রাঃ), হাসান বসরী (রহঃ), ইব্রাহিম নাখায়ী (রহঃ), শাফেয়ি (রহঃ), আহমাদ (রহঃ), ইসহাক্ব (রহঃ), আবু ছাওর (রহঃ), ইবনুল মুনযির (রহঃ) ও কিয়াসপন্থীদের অভিমত। ইবনে কুদামা (রহঃ) এই অভিমতকে প্রাধান্য দিয়েছেন।

[দেখুন: সুনানে তিরমিযি (৩/৩১৮), আল-মুগনী (১/১৩৪)]

শাইখ আলবানী (রহঃ):

যে ব্যক্তি কোন মৃতব্যক্তিকে গোসল দিয়েছেন তার জন্য গোসল করা মুস্তাহাব। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'যে ব্যক্তি মৃতব্যক্তিকে গোসল দিয়েছে তার উচিত গোসল করা। আর যে ব্যক্তি মৃতব্যক্তিকে বহন করেছে তার উচিত ওযু করা।'[সুনানে আবু দাউদ (২/৬২-৬৩), সুনানে তিরমিযি (২/১৩২)... হাদিসটির কোন কোন সনদ হাসান, আর কোন কোন সনদ ইমাম মুসলিমের শর্তে উত্তীর্ণ সহিহ...। ইবনুল কাইয়্যেম 'তাহযিবুস সুনান' গ্রন্থে হাদিসটির এগারটি সনদ উল্লেখ করেছেন। এরপর বলেছেন: "এ সনদগুলো প্রমাণ করে যে, হাদিসটি সংরক্ষিত"।

আমি বলব: ইবনুল কাত্তান হাদিসটিকে সহিহ বলেছেন, একইভাবে বলেছেন ইবনে হাযম 'আল-মুহাল্লা'-তে (১/২৫০), (২/২৩-২৫), ইবনে হাজার 'আল-তালখিস' (২/১৩৪-মুনিরিয়্যা)-এ এবং তিনি বলেন: "হাদিসটির সর্বনিম্ন অবস্থা হলো: হাসান হওয়া"।

নির্দেশসূচক ক্রিয়ার বাহ্যিক নির্দেশনা হলো: ওয়াজিব সাব্যস্ত করা। কিন্তু আমরা ওয়াজিব বলিনি অন্য দুটি মাওকূফ হাদিসের কারণে। যে হাদিসদ্বয় মারফু হাদিসের মর্যাদায় গণ্য:

১। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত: ‘যদি তোমরা তোমাদের মৃতব্যক্তিকে গোসল দাও এতে করে তোমাদের উপর গোসল করা ওয়াজিব নয়। কেননা তোমাদের মৃতব্যক্তি নাপাক নয়। তোমাদের হাতগুলো ধুয়ে নেয়া যথেষ্ট।’[মুস্তাদরাকে হাকেম (১/৩৮৬), সুনানে বাইহাকী (৩/৩৯৮)]

২। ইবনে উমর (রাঃ) এর উক্তি: ‘আমরা মৃতব্যক্তিকে গোসল দিতাম। আমাদের মধ্যে কেউ গোসল করত। আর কেউ গোসল করত না।’[সুনানে দারাকুতনী (১৯১), আল-খাতীব ‘তারীখ’ গ্রন্থে (৫/৪২৪) সহিহ সনদে; যেমনটি বলেছেন: ইবনে হাজার। ইমাম আহমাদও সেদিকে ইঙ্গিত করেছেন। খতীব তাঁর থেকে বর্ণনা করেছেন যে, তিনি তাঁর ছেলেকে এ হাদিসটি লিখার প্রতি উদ্বুদ্ধ করেছেন।[সমাপ্ত][আহকামুল জানায়িয (৭১, ৭২)]

এই অভিমতটিকে স্থায়ী কমিটি প্রাধান্য দিয়েছেন (১/৩১৮) এবং শাইখ ইবনে উছাইমীন আল-শারহুল মুমতি গ্রন্থে (১/২৯৫)।

পোশাক ধোয়া সম্পর্কে: সুন্নাহতে এই মর্মে কোন কিছু নেই। না ওয়াজিব; আর না মুস্তাহাব।